


নৈতিকতা কমিটির মাসিক সভার প্রতিবেদন

বিষয় : “সরকারী কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ ভাতাদি সংক্রান্ত”  
সময় : সকাল ১০:৩০ থেকে ১১:৩০ ঘটিকা পর্যন্ত  
তারিখ : ৩১/১২/২০২০ খ্রিঃ  
সভাপতি : সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

উপস্থিতির তালিকা ‘ক’ তে সংযুক্ত করা হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এর কাযক্রম সম্পর্কে আলোকপাত করেন এবং সদস্য-সচিব, মো: নূরুজ্জামান ভূইয়া, রেখাকারকে এ বিষয়ে কিছু পাঠ করার ও বলার জন্য অনুরোধ করেন। সদস্য-সচিব সরকারী অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, প্রবিধি-২ অধিশাখার ২২ মে ২০১৯ খ্রি: প্রকাশিত নির্দেশনা/গাইড লাইনটি হতে বিষয় ভিত্তিক অভ্যন্তরীণ প্রশিক্ষণের (In house training) এর বক্তা সম্মানী, প্রশিক্ষণ ভাতা এবং অন্যান্য ব্যয় হার পুনঃনির্ধারণ ইত্যাদি নিয়ে আলোচনা করেন (কপি সংযুক্ত)। সভাপতি মহোদয় প্রশিক্ষণের ব্যাপ্তিকাল, দুপুরের খাবার, Substantive Grade সম্পর্কে কর্মচারীদের ব্যাখ্যা প্রদান করেন। তিনি এর মাধ্যমে সরকারের জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন কৌশল এবং APA বাস্তবায়নে কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি/Capacity Building এ সহায়ক হচ্ছে বলে জানান।

পরিশেষে সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(শাহীন আহম্মেদ) 31/12/2020

সিনিয়র প্ল্যানার  
নগর উন্নয়ন অধিদপ্তর  
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট  
ফোনঃ ০৮২১-৭২৯০৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি-২ অধিশাখা  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

নং-০৭.০০.০০০০.১৭২.৩৩.০০৫.১৩-১১১

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ  
২২ মে, ২০১৯ খ্রিস্টাব্দ


বিষয়ঃ বিষয়ভিত্তিক অভ্যন্তরীণ প্রশিক্ষণের (In house training) বক্তা সম্মানী, প্রশিক্ষণ ভাতা এবং অন্যান্য ব্যয় হার পুনঃনির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর কর্তৃক আয়োজিত বিষয়ভিত্তিক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (In house training) পরিচালনার জন্য বক্তা সম্মানী, প্রশিক্ষণ ভাতা এবং অন্যান্য ব্যয় হার নির্দেশক্রমে নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলোঃ

ক্রঃ নং	ব্যয়ের খাত	বক্তা/প্রশিক্ষণার্থীর স্তর	বিদ্যমান হার	পুনঃনির্ধারিত হার
১	প্রশিক্ষক সম্মানী	ক) যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মচারী	১,২০০/-	২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা (প্রতি ঘণ্টার সেশন)
		খ) উপসচিব এবং তদনিম্ন পর্যায়ের কর্মচারী	১,০০০/-	২,০০০/- (দুই হাজার) টাকা (প্রতি ঘণ্টার সেশন)
২	প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা	ক) গ্রেড-৯ থেকে তদূর্ধ্ব পর্যায়ের কর্মচারী	৫০০/-	৬০০/- (ছয়শত) টাকা (জনপ্রতি প্রতিদিন)
		খ) গ্রেড-১০ এবং তদনিম্ন পর্যায়ের কর্মচারী	৪০০/-	৫০০/- (পাঁচশত) টাকা (জনপ্রতি প্রতিদিন)
৩	কোর্স পরিচালকের সম্মানী (যদি থাকে)	--	১,০০০/-	১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা (প্রতি দিনের জন্য)
৪	কোর্স সমন্বয়কের সম্মানী (যদি থাকে)	--	৮০০/-	১,২০০/- (এক হাজার দুইশত) টাকা (প্রতি দিনের জন্য)
৫	সাপোর্ট স্টাফদের সম্মানী (প্রতি কোর্সে সর্বোচ্চ ৩ জন)	--	৩০০/-	৫০০/- (পাঁচশত) টাকা (জনপ্রতি প্রতিদিন)
৬	প্রশিক্ষণার্থীদের চা/নাস্তা	--	--	প্রতি বেলা ৪০/- টাকা হারে ২ বেলা সর্বোচ্চ ৮০/- (আশি) টাকা (জনপ্রতি দৈনিক)
৭	প্রশিক্ষণার্থীদের দুপুরের খাবার (দিনব্যাপী প্রশিক্ষণের ক্ষেত্রে)	--	--	সর্বোচ্চ ৫০০/- (পাঁচশত) টাকা (জনপ্রতি দৈনিক)

শর্তাবলি:

- মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তর কর্তৃক শুধু নিজ নিজ দপ্তরের কর্মচারীদের বিষয়ভিত্তিক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (In house training) এর জন্য এটি প্রযোজ্য হবে;
- মাঠ পর্যায়ের কর্মচারীগণের জন্য সদর দপ্তর কর্তৃক আয়োজিত প্রশিক্ষণের ক্ষেত্রে এ স্মারক প্রযোজ্য হবে না;
- প্রশিক্ষণের ব্যাপ্তিকাল দিনব্যাপী না হলে দুপুরের খাবার বাবদ কোন ব্যয় করা যাবে না;
- প্রকল্পের আওতায় প্রশিক্ষণের ক্ষেত্রে এ স্মারক প্রযোজ্য হবে না;
- গ্রেড বলতে Substantive grade বুঝাবে; এবং
- আদেশ জারির তারিখ থেকে এ পুনঃনির্ধারিত হার কার্যকর হবে।

  
(মোঃ গোলাম মোস্তফা)  
যুগ্মসচিব

ফোনঃ ৯৫১৪৪৮৭

ই-মেইলঃ [gmostofa@finance.gov.bd](mailto:gmostofa@finance.gov.bd)

## ৩১/১২/২০২০ তারিখে নৈতিকতা কমিটির মাসিক সভায় উপস্থিতির তালিকা

ক্র: নং:	কর্মকর্তা/কর্মচারীর নাম	পদবী	স্বাক্ষর ও তারিখ
১	জনাব শাহীন আহমেদ	সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি	<i>Shahin Ahmed</i> 31/12/2020
২	জনাব বাদশা মিয়া	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	<i>বাদশা</i> 31/12/2020
৩	জনাব মো: নুরুজ্জামান ভূইয়া	রেখাকার ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি	<i>নুরুজ্জামান</i> 31/12/2020
৪	জনাব মো: রুবেল হোসেন	সার্ভেয়ার	<i>রুবেল হোসেন</i> 31/12/2020